

## **AKASHVANI (Kolkata)**

### **Regional News Unit**

**Date: 03-11-2025**

**Time : 7.35 AM**

**DEO : KB**

**Desk in Charge : SDG**

**Compiling : Sudip Basu**

**NRT : Sudip Basu**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী-SIR এর প্রস্তুতির প্রশিক্ষণপর্ব আজ সোমবারের মধ্যে সম্পূর্ণ করতে জেলা নির্বাচন আধিকারিকদের নির্দেশ দিয়েছে নির্বাচন কমিশন।

২/ উত্তর ২৪ পরগণার স্বরূপনগর থেকে গতকাল ফের ৩০ জন বাংলাদেশীকে আটক করেছে BSF।

৩/ স্কুল সার্ভিস কমিশনের শিক্ষা কর্মী নিয়োগের জন্য আবেদন জানানোর প্রক্রিয়া শুরু হচ্ছে আজ। চলবে তেসরা ডিসেম্বর পর্যন্ত।

৪/ বণিকসভা ভারত চেম্বার অফ কমার্সের ১২৫ তম বর্ষপূর্তি অনুষ্ঠানের সূচনা উপলক্ষ্যে আজ রাজ্যে আসছেন, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা।

৫/ পুজোর ছুটি শেষে এক মাসের'ও বেশী সময় পর আজ ফের রাজ্য মন্ত্রিসভার বৈঠক বসছে। বেশ কয়েকটি দণ্ডের শৃণ্যপদের নিয়োগের ব্যাপারে সিদ্ধান্ত হতে পারে।

৬/ দক্ষিণ আফ্রিকাকে হারিয়ে ভারত প্রথমবার মহিলা ক্রিকেট বিশ্বকাপে চ্যাম্পিয়ান হওয়ায়, রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মুখ্যমন্ত্রী ভারতীয় দলকে শুভেচ্ছা জানিয়েছেন।

\*\*\*\*\*

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী কর্মসূচী বা SIR-এর প্রস্তুতির প্রশিক্ষণপর্ব আজ সোমবারের মধ্যে সম্পূর্ণ করতে হবে বলে জেলা নির্বাচনী আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে। শনিবার থেকে এই চূড়ান্ত প্রশিক্ষণ পর্ব শুরু হয়েছে। কলকাতায় নজরুল মঞ্চ ছাড়াও কলেজ স্ট্রীটে ডিরোজিও হল, জেসপ বিল্ডিং এবং অন্যান্য নির্দিষ্ট কেন্দ্রে চলে প্রশিক্ষণ। প্রশিক্ষণে, বিএলও-দের হাতে বিশেষ কীট, টুপি এবং এনুমারেশন ফর্ম পূরণের নমুনা দেওয়া হয়। বুথ ভিত্তিক ভোটারদের বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ, যাচাই ও ফর্ম পূরণের প্রক্রিয়া সম্পর্কে হাতেকলমে প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী ১৬ দফা নির্দেশিকা বিএলও-দের হাতে তুলে দেওয়া হয়েছে।

অন্যদিকে, SIR প্রক্রিয়ায় রাজনৈতিক দলগুলির বুথ লেভেল এজেন্টদের প্রশিক্ষণপর্ব শুরু করতেও কমিশন আলাদা নির্দেশিকা জারি করেছে। প্রতিটি বুথে বিএলও এবং বিএলএ-রা একযোগে কাজ করবেন। যেসব বিএলএ-র নাম পরে জমা পড়বে তাদের জন্য অতিরিক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে বলে কমিশন জানিয়েছে।

\*\*\*\*\*

কোনো রাজনৈতিক দলের কথা না শনে নির্বাচন কমিশনের নির্দেশিকা মেনে BLO-দের কাজ করা উচিত বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। গতকাল সাংবাদিকদের কাছে তিনি বলেন, কোনো রাজনৈতিক দলের কর্মীর নাম BLO তালিকায় থেকে গেলে স্বেচ্ছায় তাঁদের সেই কাজ ছেড়ে দেওয়া উচিত।

( বাইট- শুভেন্দু )

এদিকে, বর্ধমান দক্ষিণ বিধানসভা এলাকায় বেশ কয়েকজন ত্রৃণমূল কংগ্রেস কর্মীর নাম BLO তালিকায় রয়েছে বলে বিজেপি অভিযোগ করেছে। ২০ জন বিএলও-র একটি

তালিকা তারা ই-মেলে জেলা নির্বাচনী আধিকারিক তথা জেলাশাসক আয়েশারানীকে পাঠিয়েছে। তার প্রতিলিপিও নির্বাচন কমিশনে পাঠানো হয়েছে। দলের বর্ধমান-দুর্গাপুর সাংগঠনিক জেলা সভাপতি অভিজিৎ তা অভিযোগ করেন স্থায়ী কর্মী থাকা সত্ত্বেও বেছে বেছে অস্থায়ী কর্মীদের বিএলও-র দায়িত্ব দেওয়া হয়েছে।

অন্যদিকে, বিশেষ নিবিড় সংশোধন বা SIR-এর কাজে নিযুক্ত BLO-দের নিরাপত্তা, তাঁদের BLO হিসেবে কাজের দিনগুলোকে 'অন ডিউটি' হিসেবে গণ্য করা এবং নিয়ম বহির্ভূতভাবে যেসব BLO-দের নিয়োগ করা হয়েছে তাঁদের অবিলম্বে বাতিল করার দাবি জানিয়েছ ভোট কর্মী ও BLO এক্য মঞ্চ। এব্যাপারে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালকে চিঠি দেওয়া হয়েছে বলে সংগঠনের সাধারণ সম্পাদক স্বপন মন্ডল জানিয়েছেন। আজকের মধ্যে এই সমস্যাগুলো মধ্যে সমাধান করার জন্য অনুরোধ জানান হয়েছে বলে তিনি জানান।

\*\*\*\*\*

ক্ষুলের নিয়মিত দায়িত্ব পালন করার পাশাপাশি SIR-এর কাজ করা অসম্ভব বলে BLO হিসেবে নিযুক্ত শিক্ষকদের একাংশ যে দাবী তুলেছেন, তাদের পাশে দাঁড়িয়েছেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। শিক্ষামন্ত্রী স্পষ্ট জানিয়েছেন, BLO-দের ডিউটি করে SIR-এর কাজ করা সম্ভব নয়। BLO-দের দাবি সঠিক। সংশ্লিষ্ট দফতরকে জানিয়ে বিষয়টি দেখা উচিত।

\*\*\*\*\*

SIR আবহে উত্তর ২৪ পরগণার স্বরূপনগর থেকে গতকাল ফের ৩৩ জন বাংলাদেশীকে আটক করেছে সীমান্ত রক্ষী বাহিনী-BSF। পুলিশ গতকাল এদের বসিরহাট আদালতে তুললে বিচারক ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন। জানা গেছে, বিথারি সীমান্ত দিয়ে তারা বাংলাদেশে প্রবেশের চেষ্টার সময় টহলরত BSF জওয়ানরা তাদের আটক

করে পুলিশের হাতে তুলে দেয়। গত সপ্তাহে দু দিনে স্বরূপনগরে ১৫ টি শিশু সহ ৫৬ জন বাংলাদেশীকে গ্রেফতার করা হয়েছিল।

এদিকে, মালদার হবিবপুর থানার ভারত বাংলাদেশ সীমান্তবর্তী ইটাঘাটি এলাকায় অবৈধভাবে ভারতে প্রবেশের চেষ্টায় BSF-এর হাতে এক বাংলাদেশী ধরা পড়ে। ধৃত আব্দুল মানানকে হবিবপুর থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়।

শিলিগুড়ির, ভারত-নেপাল সীমান্তের পানিট্যাক্ষি থেকে এক বাংলাদেশীকে আটক করেছে SSB। ধৃত ২৬ বছরের হেমাল চন্দ্র রায়, বাংলাদেশের দিনাজপুরের বাসিন্দা। তার কাছ থেকে উদ্বার হয়েছে নকল ভারতীয় আধার কার্ড।

\*\*\*\*\*

রাজ্য SIR-এর কাজ শুরু হতেই সীমান্তে বাংলাদেশিদের ধরা পড়ার ঘটনায় রাজ্যের শাসক দল তৃণমূল কংগ্রেস এর তীব্র সমালোচনা করেছে বিজেপি। দলের পশ্চিমবঙ্গের ভারপ্রাপ্ত অমিত মালভিয়া সামাজিক মাধ্যমে বলেন, অনুপ্রবেশকারীরা নয়, আসলে তৃণমূল কংগ্রেসের ভোট ব্যাক্ষ, SIR এর কারণে পালাতে বাধ্য হচ্ছে। এদের মধ্যে অনেকেই কলকাতার বিস্তীর্ণ অংশে গৃহ সহায়িকা, আয়ার কাজ করতে বলেও তিনি উল্লেখ করেন। বছরের পর বছর ধরে CPIM এবং তৃণমূল কংগ্রেস সরকার এই অনুপ্রবেশকারীদের আশ্রয় ও রাজনৈতিক মদত দিয়ে আসছিলো বলেও অভিযোগ করেছেন অমিত মালভিয়া।

SIR নিয়ে মানুষের মধ্যে আতঙ্ক তৈরী করা হয়েছে, তাঁদের বিভ্রান্ত করার জন্য এমনটাই অভিযোগ করেছেন CPIM-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী।

( বাইট- সুজন )

\*\*\*\*\*

স্কুল সার্ভিস কমিশনের শিক্ষাকর্মী নিয়োগের জন্য আবেদন জানানোর প্রক্রিয়া শুরু হচ্ছে আজ থেকে। তেসরা ডিসেম্বর পর্যন্ত আবেদন করতে পারবেন প্রার্থীরা।

গ্রুপ সি-তে ২ হাজার ৯৮৯ টি এবং গ্রুপ ডি-তে ৫ হাজার ৪৮৮ টি শূন্যপদ রয়েছে। সাধারণ, ওবিসি ও অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া শ্রেণির প্রার্থীদের আবেদনের ফি ৪০০ টাকা। তফসিলি জাতি, তফসিলি উপজাতি ও বিশেষভাবে সক্ষম প্রার্থীদের দিতে হবে ১৫০ টাকা। তবে চিহ্নিত অযোগ্যরা কোনওভাবেই আবেদন করতে পারবেন না। আজই অযোগ্যদের তালিকাও SSC প্রকাশ করতে পারে বলে সূত্রের খবর।

উল্লেখ্য, ২০১৬-র প্যানেল বাতিলের পর সুপ্রিম কোর্টের আদেশ অনুযায়ী নতুন করে নিয়োগের জন্য এই পরীক্ষা নিচে স্কুল সার্ভিস কমিশন।

\*\*\*\*\*

সুপ্রিম কোর্টের নির্দেশ মতো ২০১৬ সালে SSC-র মাধ্যমে নিয়োগ প্রাপ্ত ১৬৬ জন যোগ্য শিক্ষককে তাঁদের পুরোনো চাকরীতে নিয়োগ পত্র দেবে মধ্যশিক্ষা পর্ষদ। আগামী ৬ই নভেম্বর বেলা ১২ টা থেকে পর্ষদের অফিসে এই নিয়োগ পত্র তুলে দেওয়া হবে। পাশাপাশি, এই ধরণের শিক্ষকদের নামের তালিকাও পর্ষদ ওয়েবসাইটে প্রকাশ করবে।

\*\*\*\*\*

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা আজ একদিনের সফরে রাজ্য আসছেন। কলকাতায় বণিকসভা ভারত চেম্বার অফ কমার্সের ১২৫ তম বর্ষপূর্তি অনুষ্ঠানের সূচনা করবেন তিনি। এই অনুষ্ঠানের মূল ভাবনা 'বিকশিত ভারত'।

দেশের সামগ্রিক উন্নয়ন, অর্থনৈতিক অগ্রগতি, শিল্পক্ষেত্রের বিস্তার এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে আলোচনা করবেন উপস্থিত অতিথিরা। শহরের শিল্প-বাণিজ্য ক্ষেত্রে ভারত চেম্বার অফ কমার্স দীর্ঘদিন ধরে যে ভূমিকা পালন করে আসছে, এই অনুষ্ঠান

তার এক ঐতিহাসিক মাইলফলক হিসেবে বিবেচিত হচ্ছে। ওম বিড়লার উপস্থিতি এই বর্ষপূর্তি উদযাপনকে আরও তাৎপর্যপূর্ণ করে তুলবে। জানা গেছে, লোকসভার অধ্যক্ষ দুপুরে ওই অনুষ্ঠানে যোগ দেওয়ার পর কলকাতা রাজ্যভবনে রাজ্যপাল সিভি আনন্দ বোসের সঙ্গে বৈঠক করবেন। এরপরেই তার দিল্লি ফিরে যাওয়ার কথা।

\*\*\*\*\*

পুজোর ছুটি কাটিয়ে দীর্ঘ এক মাসেরও বেশি সময় পরে রাজ্য মন্ত্রিসভার বৈঠক বসতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে আজ বিকালে নবাবে প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্য মন্ত্রিসভার সব সদস্যদের নির্দেশ দেওয়া হয়েছে। বেশ কয়েকটি দণ্ডে শূন্য পদে নিয়োগ ছাড়াও বৈঠকে আরও কিছু সিদ্ধান্ত নেওয়া হতে পারে বলে মনে করা হচ্ছে।

\*\*\*\*\*

রাজ্যের প্রাক্তন মন্ত্রী তথা ত্রৃণমূল কংগ্রেস বিধায়ক জ্যোতিপ্রিয় মল্লিকের স্লটলেকের বাড়িতে ঢুকে তাঁকে মারধোরের অভিযোগ উঠেছে এক যুবকের বিরুদ্ধে। অভিযোগ দাস নামে ওই ব্যক্তি উত্তর ২৪ পরগণার হাবড়ার বাসিন্দা। ওই ব্যক্তি দেখা করার অচিলায় জ্যোতিপ্রিয় মল্লিকের কাছে গিয়ে তাঁর ওপর চড়াও হন বলে জানা গেছে। নিরাপত্তা রক্ষীরা তাঁকে ধরে ফেলেন। হামলাকারী ব্যক্তি মানসিক ভারসাম্যহীন বলে পারিবারিক সূত্রের খবর।

\*\*\*\*\*

আসন্ন গঙ্গাসাগর মেলাকে সামনে রেখে ভাঙ্গন কবলিত এলাকাগুলিতে যুদ্ধকালীন তৎপরতায় মেরামতিতে নেমেছে প্রশাসন। গতকাল সাগরের বিস্তীর্ণ অঞ্চল পরিদর্শন করেন রাজ্যের অতিরিক্ত মুখ্য সচিব মনিশ জৈন ও সুন্দরবন উন্নয়ন মন্ত্রী বক্রিমচন্দ্র হাজরা। তাঁদের সঙ্গে ছিলেন সাগরের বিডিও কানাইয়া কুমার রাই-সহ প্রশাসনের

আধিকারিকরা। বেনুবন ঘাট, সাউ ঘেরী, কপিল মুনির আশ্রম সংলগ্ন ১ থেকে ৬ নম্বর  
স্নানঘাট, চাঁপাতলা ও কশতলা অঞ্চলের নদী বাঁধ এবং কচুবেড়িয়া পয়েন্টের জেটিঘাট  
ঘূরে দেখেন তাঁরা। সাম্প্রতিক ভাঙনে ক্ষতিগ্রস্ত ঘাট ও বাঁধগুলি দ্রুত মেরামতির নির্দেশ  
দেওয়া হয়েছে।

এ বছর গঙ্গাসাগরে রেকর্ড সংখ্যক পুণ্যার্থীর ভিড়ের অনুমান করছে প্রশাসন। মেলা  
নির্বিশে সম্পন্ন করতে পরিকাঠামো উন্নয়ন ও নিরাপত্তা ব্যবস্থার ওপর বিশেষ গুরুত্ব  
দেওয়া হচ্ছে।

\*\*\*\*\*

পূর্ব মধ্য বঙ্গোপসাগর এবং সংলগ্ন মায়ানমার উপকূলের ওপর একটি নিম্নচাপ এলাকা  
তৈরি হয়েছে। যা আগামী ৪৮ ঘন্টায় মায়ানমার-বাংলাদেশ উপকূলের দিকে অগ্রসর  
হবে। সমুদ্র উত্তাল থাকার সম্ভাবনার প্রেক্ষিতে মৎস্যজীবীদের উত্তর-পূর্ব বঙ্গোপসাগর  
এবং দক্ষিণ বাংলাদেশ উপকূলের দিকে যেতে নিষেধ করা হয়েছে।

কলকাতাতে গতকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা প্রায় তিন ডিগ্রি কমে ২৮ দশমিক  
দুই ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা- ২৩ দশমিক  
দুই ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের তুলনায় এক ডিগ্রি বেশী।

\*\*\*\*\*

দক্ষিণ আফ্রিকাকে ৫২ রানে হারিয়ে ভারত প্রথমবার মহিলাদের একদিনের ট্রিকেট  
বিশ্বকাপের চ্যাম্পিয়ন হয়েছে। নভি মুস্তাফার ডি ওয়াই পাটিল স্টেডিয়ামে গতকাল  
ফাইনাল ম্যাচে দক্ষিণ আফ্রিকা টসে জিতে ভারতকে প্রথমে ব্যাট করতে পাঠায়। ভারত  
নির্ধারিত ৫০ ওভারে ৭ উইকেটে ২৯৮ রান তোলে। জবাবে ব্যাট করতে নেমে দক্ষিণ

আফ্রিকা ৪৫ ওভার ৩ বলে ২৪৬ রানে সব কটি উইকেট হারায়। শেফালি ভার্মা নিয়েছেন দুই উইকেট। শেফালি ম্যাচের সেরা, দীপ্তি শর্মা টুর্নামেন্টের সেরা হয়েছেন।

ভারতীয় দলের এই সাফল্যে অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্ম। তিনি বলেন, মহিলা দলের এই প্রথমবার চ্যাম্পিয়ন হওয়া এক ইতিহাস রচনা করেছে। এই জয়ের মুহূর্ত ভবিষ্যতে দেশের মহিলা ক্রিকেটকে নতুন উচ্চতায় নিয়ে যেতে সাহায্য করবে বলেও তিনি আশা প্রকাশ করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, ফাইনালে ভারতীয় মহিলা দলের জয়কে ঐতিহাসিক আখ্য দিয়ে বলেছেন, খেলার মাঠে এই প্রদর্শন খেলোয়াড়দের আত্মবিশ্বাস এবং দক্ষতাকে তুলে ধরে। এই দলগত সাফল্য ভবিষ্যত প্রজন্মকে খেলা তে আগ্রহী করে তুলবে।

ভারতীয় মহিলা ক্রিকেট দলের বিশ্বকাপ জয়ে অভিনন্দন জানিয়েছেন, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। সমাজ মাধ্যমে এক পোস্টে তিনি বলেন, সারা দেশ নীল ব্রিগেডের এই সাফল্যে গর্বিত। পুরো টুর্নামেন্ট জুড়েই দল নিজেদের কর্তৃত্বের বজায় রেখেছে বলেও তিনি উল্লেখ করেন। মেয়েদের এই সাফল্য আগামী প্রজন্মকে অগুপ্রাণিত করবে বলেও মন্তব্য করেছেন মুখ্যমন্ত্রী।

ভারতীয় ক্রিকেট দলের দুই প্রাক্তন অধিনায়ক সৌরভ গাঞ্জুলি এবং বিরাট কোহলি ও অভিনন্দন জানিয়েছেন।

\*\*\*\*\*